# উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ
# USMANIA GLASS SHEET FACTORY LTD.

সুত্রনং: ৩৬.০৯১.০০৬.০৯.৫৪.০৪০১.২০২৫.

তারিখ: ২৭-১২-২০২৫খ্রি.

বিষয়ঃ উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড় এর ৩৯তম বার্ষিক সাধারণ সভার (AGM) কার্যিববরণী অনুমোদন প্রসঙ্গে।

গত ডিসেম্বর ২১, ২০২৫খ্রি. তারিখ, রবিবার, সকাল ১১.৩০ ঘটিকায় হাইব্রিড পদ্ধতিতে (সরাসরি ও ডিজিটাল পদ্ধতিতে) অনুষ্ঠিত উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড এর ৩৯তম বার্ষিক সাধারণ সভার (AGM) কার্যববিরণী সংযুক্তিসহ ৩৬(ছত্রিশ) পৃষ্ঠা সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

27/12/25

আবদুল মজিদ
কোম্পানি সচিব
ইউজিএসএফএল কোম্পানি বোর্ড।

(এ.কে.এম. আনিসউজ্জামান)
ব্যবস্থাপনা পরিচালক
ইউজিএসএফএল
ও
পরিচালক, ইউজিএসএফএল কোম্পানি বোর্ড।

28/12/2025

পরিচালক (অর্থ), বিসিআইসি
ও
পরিচালক, ইউজিএসএফএল কোম্পানি বোর্ড
ও
ডিরেক্টর ইনচার্জ, ইউজিএসএফএল।

২৮.১২.২৫

পরিচালক (বাণিজ্যিক), বিসিআইসি
ও
পরিচালক , ইউজিএসএফএল কোম্পানি বোর্ড।
ও
সভাপতি(ভারপ্রাপ্ত), ইউজিএসএফএল কোম্পানি বোর্ড

# উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড

রেজিষ্টার্ড অফিসঃ কালুরঘাট শিল্প এলাকা
পোঃ চান্দগাঁও, চট্টগ্রাম-৪২১২।

## <u>৩৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী (হাইব্রিড পদ্ধতিতে অনুষ্ঠিত)</u>

১) উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড এর ৩৯তম বার্ষিক সাধারণ সভা(AGM) ২১ ডিসেম্বর'২০২৫খ্রিঃ তারিখ, রোজ রবিবার, সকাল ১১:৩০ ঘটিকায় হাইব্রিড পদ্ধতিতে কারখানার রেজিষ্টার্ড অফিস উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়। ইউজিএসএফএল কোম্পানি বোর্ড এর সম্মানিত চেয়ারম্যান এবং বিসিআইসি'র চেয়ারম্যান জনাব মো. ফজলুর রহমান মহোদয় মন্ত্রণালয়ের জরুরী দায়িত্বে নিযুক্ত থাকায় অদ্যকার সভায় যোগদান করতে পারেননি। এ প্রেক্ষিতে জনাব মো. ফজলুর রহমান এর স্থলে বিসিআইসি'র সম্মানিত পরিচালক(বাণিজ্যিক) ও ইউজিএসএফএল কোম্পানি বোর্ড এর পরিচালক জনাব মো. মনিরুজ্জামান মহোদয় অদ্যকার বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করেন। বোর্ডের অন্যান্য সম্মানিত পরিচালকবৃন্দের মধ্যে সরাসরি উপস্থিত ছিলেন সর্বজনাব মোহাম্মদ আব্দুর রাজ্জাক, পরিচালক(অর্থ), বিসিআইসি, জনাব মো. লুৎফর রহমান,এফসিএমএ, পরিচালক(স্বতন্ত্র) এবং কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক এ.কে.এম. আনিসউজ্জামান। এছাড়া, শিল্প মন্ত্রণালয় মনোনীত পরিচালক ও উপসচিব জনাব রমেন্দ্র নাথ বিশ্বাস, শেয়ারহোল্ডারের পক্ষে ফারইস্ট ইসলামী লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড মনোনীত পরিচালক স্থপতি জনাব মো. আমিনুল ইসলাম, স্বতন্ত্র পরিচালক প্রফেসর ড. এ এস মো. আবদুল হাছিব মহোদয়গণ ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন।

২) অত্র কোম্পানির সর্বমোট ১৩৫(একশত পঁয়ত্রিশ) জন সম্মানিত শেয়ারহোল্ডার উক্ত হাইব্রিড সভায় অংশগ্রহণ করেন যার মধ্যে সরাসরি উপস্থিত ছিলেন ১০৫ জন এবং ভার্চুয়ালি উপস্থিত ছিলেন ৩০ জন। উল্লেখ্য, গত ১০ মার্চ'২০২১খ্রিঃ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং-BSEC/CMRRCD/2009-193/08 এর শর্ত ১-৮ অনুযায়ী ই-ভোটিং এর ব্যবস্থা গ্রহণ, সফট্ কপি ওয়েবসাইটে রাখা, এজিএম শুরুর ন্যূনতম ০১(এক)দিন তথা ২৪ ঘন্টা পূর্ব হতে শুরু করে সভার নিকটবর্তী সময় পর্যন্ত ই-ভোটিং সিস্টেম চালু রাখা, AGM এর দিন Live Streaming চালু রাখা, প্রক্সী ফরম এর কপি ওয়েবসাইটে রাখা, আলোচ্যসূচি অনুযায়ী ই-ভোটিং এর ব্যবস্থা রাখা ইত্যাদি কার্যক্রম সম্পাদন করা হয়েছে। এক্ষেত্রে ডাইরেক্টিভ এর ধারা-৭ পরিপালনের লক্ষ্যে ইন্ডিপেন্ডেন্ট সার্ভিস প্রভাইডার হিসেবে মেসার্স লাক্সারী আইটি সল্যুশান'কে নিয়োগ দেয়া হয়েছে। ফলে শেয়ারহোল্ডারগণ আলোচ্যসূচি অনুযায়ী তাদের ভোট প্রদান কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে সম্পাদন করেছেন এবং কোম্পানির ২০২৪-২০২৫ অর্থ বছরের কর্মকান্ডের ওপর তাদের মূল্যবান মন্তব্য প্রদান করেছেন। এছাড়া উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডারগণের মধ্য হতে সরাসরি বক্তব্য রেখেছেন। শর্ত নং-৯ অনুযায়ী ৩৯তম বার্ষিক সাধারণ সভা পর্যবেক্ষণের জন্য একজন নিরপেক্ষ পর্যবেক্ষক(Independent Scrutinizer) হিসবে মেসার্স হারুনার রশিদ এন্ড এসোসিয়েটস, ১৫২/১, আয়েশা হাউজ, তেজকুনিপাড়া, বিজয়স্মরণী, ফার্মগেট, ঢাকা'কে নিয়োগ করা হয়েছে। যিনি ভার্চুয়ালি সংযুক্ত হয়ে ৩৯তম বার্ষিক সাধারণ সভা(AGM) পর্যবেক্ষণ করেন এবং বার্ষিক সাধারণ সভা শেষ হওয়ার ৪৮(আটচল্লিশ) ঘন্টার মধ্যে অর্থাৎ গত ২২-১২-২০২৫খ্রিঃ তারিখে তাদের নিকট হতে রিপোর্ট প্রাপ্তির সাথে সাথে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন(BSEC), ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি(DSE) ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি(CSE)'তে প্রেরণ করা হয়েছে। এছাড়াও ভার্চুয়ালি সংযুক্ত থেকে ৩৯তম বার্ষিক সাধারণ সভা পর্যবেক্ষণের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি, বিএপিএলসি এবং সিডিবিএল এ পত্র প্রেরণ করা হয়েছে।

৩) উক্ত হাইব্রিড সভায় সরাসরি উপস্থিত ছিলেন কোম্পানির বহি:নিরীক্ষক মেসার্স খাঁন ওয়াহার শফিক রহমান এন্ড কোং. চার্টার্ড একাউন্ট্যান্টস, চৌমুহনী, আগ্রাবাদ, চট্টগ্রাম এর ম্যানেজিং পার্টনার জনাব মোহাম্মদ শাহেদ, এফসিএ,এফসিএমএ, ইউজিএসএফএল এর হেড অব ইন্টারনাল অডিট ও বিসিআইসি'র চীফ অডিটর জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা, বিসিআইসি'র কোম্পানি উপ-বিভাগের উপ-মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ শামীম রানা (৫১% শেয়ারহোল্ডারের মনোনীত প্রতিনিধি) এবং কোম্পানি বোর্ডের সচিব জনাব আবদুল মজিদ। কোম্পানির কমপ্লায়েন্স অডিটর মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং. চার্টার্ড একাউন্ট্যান্টস, চট্টগ্রাম এর ম্যানেজিং পার্টনার জনাব এরশাদ হোসেন চৌধূরী,এসিএ ভার্চুয়ালী সংযুক্ত ছিলেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভা আনুষ্ঠানিকভাবে শুরু করা হয়। অতঃপর কোম্পানি বোর্ডের সচিব জনাব আবদুল মজিদ সভার বিজ্ঞপ্তি পাঠ করেন এবং সভাপতি মহোদয়কে স্বাগত বক্তব্য প্রদানের অনুরোধ করেন।

৪) সভার শুরুতে সভাপতি মহোদয় ৩৯তম বার্ষিক সাধারণ সভায় সরাসরি ও ভার্চুয়ালি সংযুক্ত সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, ইউজিএসএফএল পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালকমন্ডলী, অত্র কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষসহ কোম্পানির সকল স্তরের কর্মকর্তা, কর্মচারী, শ্রমিকবৃন্দ ও আমন্ত্রিত অতিথিবৃন্দকে সালাম ও শুভেচ্ছা জানান। পরিচালকমন্ডলীর পক্ষ হতে ভার্চুয়ালি সংযুক্ত সম্মানিত শেয়ারহোল্ডারগণসহ সকলকে স্বাগত জানিয়ে আশাবাদ ব্যক্ত করেন যে, সকলের স্বতঃস্ফূর্ত ও গঠনমুলক অংশগ্রহণে অদ্যকার বার্ষিক সাধারণ সভা প্রাণবন্ত হয়ে উঠবে। তিনি ৩৯তম বার্ষিক সাধারণ সভায় সকলকে স্বাগত জানিয়ে আলোচ্য ২০২৪-২০২৫ অর্থবছরের কোম্পানির সার্বিক কর্মকান্ড বার্ষিক সাধারণ সভার মাধ্যমে তুলে ধরেন।

এছাড়া, কোম্পানির কর্মকান্ড সম্পর্কে সম্মানিত শেয়ারহোল্ডারগণের অবগতির জন্য ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ করা এবং উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ এর ওয়েবসাইটে আপলোড করার বিষয়টি অবহিত করেন। অতঃপর চেয়ারম্যান মহোদয় কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনে উল্লিখিত পরিচালকমন্ডলীর প্রতিবেদনের বিভিন্ন অংশ উদ্ধৃত করে ইউজিএসএফএল এর ঐতিহাসিক প্রেক্ষাপট, বর্তমান অবস্থা, ভবিষ্যৎ পরিকল্পনা, ঝুঁকি ও এতদসংশ্লিষ্ট ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা, চলমান সক্ষমতা, নিরীক্ষকের বিধৃত মন্তব্যের ওপর পরিচালকমন্ডলীর ব্যাখ্যা, ব্যবস্থাপনা বিশ্লেষণ, ডিভিডেন্ড সংক্রান্ত আলোচনা, পরিচালক নিয়োগ ইত্যাদির ওপর সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন।

৫) তিনি বলেন, ২নং ফার্নেসের নানাবিধ জটিলতায় ও এর আয়ুস্কাল ৩১/১২/২০২২খ্রি. তারিখে শেষ হওয়ায় কাঁচামাল ও গ্যাস ব্যবহারের বিপরীতে কাঙ্ক্ষিত উৎপাদন না পাওয়ায় আর্থিক ক্ষতি রোধের লক্ষ্যে এ বিষয়ে গঠিত বিশেষজ্ঞ কমিটির মতামতের আলোকে ২৪/০৮/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত কোম্পানি বোর্ডের ৩৬০তম সভার সিদ্ধান্তক্রমে ৩০/০৮/২০২৩খ্রি. তারিখে ফার্নেসের গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করে উৎপাদন সাময়িকভাবে বন্ধ করা হয় এবং বিষয়টি শিল্প মন্ত্রণালয়ে পরবর্তী সিদ্ধান্তের জন্য প্রেরণ করা হয়। শিল্প মন্ত্রণালয়ে এ বিষয়ে ১০/১২/২০২৪খ্রি. তারিখে সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ইউজিএসএফএল প্রাঙ্গনে কি ধরনের লাভজনক প্ল্যান্ট স্থাপন করা যায় তা নির্বাচনের জন্য বিসিআইসি'র পরিকল্পনা বিভাগের মাধ্যমে কমিটি গঠন পূর্বক প্রতিবেদন পেশ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কমিটি আধুনিক প্রযুক্তি সম্পন্ন, পরিবেশ বান্ধব ও লাভজনক কারখানা স্থাপনের জন্য প্রস্তাবনা সহকারে একটি প্রতিবেদন বিসিআইসি'র পরিকল্পনা বিভাগে পেশ করেন। উক্ত প্রতিবেদনের বিষয়টি ০৯/০৭/২০২৫খ্রি. তারিখে অনুষ্ঠিত ইউজিএসএফএল কোম্পানি বোর্ডের ৩৭২তম সভায় উপস্থাপন করা হলে ইউজিএসএফএল প্রাঙ্গনে Energy Efficient & Environmental Friendly Industrial Glass Plant অথবা Container Glass Plant স্থাপনের লক্ষ্যে বিসিআইসি'র পরিকল্পনা বিভাগের মাধ্যমে Pre-feasibility Study সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত সিদ্ধান্ত বিসিআইসি'র পরিকল্পনা বিভাগ'কে ইতোমধ্যে পরবর্তী কার্যক্রমের জন্য অবহিত করা হয়েছে।
কারখানার চরম আর্থিক সংকটে থাকায় জানুয়ারি'২০২৪খ্রি. মাস হতে অদ্যাবধি কারখানার ব্যবস্থাপনা ও স্থায়ী জনবলের মাসিক বেতন-ভাতাদি ও নিরাপত্তা রক্ষার জন্য নিয়োজিত জনবল এর মজুরি বিসিআইসি হতে ঋণ প্রদানের মাধ্যমে পরিশোধ করা হচ্ছে। যার পরিমাণ ৩০ জুন' ২০২৫খ্রি. পর্যন্ত সুদাসলসহ ৪১.৭৬ কোটি টাকা। জনবলের বেতন-ভাতা কমানোর জন্য ইতোমধ্যে নূন্যতম জনবল রেখে বিসিআইসি কর্তৃক শ্রমিক ও কর্মচারীদের সংস্থাধীন অন্যান্য কারখানায় বদলী করা হয়েছে। আশা করা যায়, এতে লোকসান কছুটা কমবে।

৬) তিনি আরো বলেন, উসমানিয়া ফ্যাক্টরীর মেশিনারিজ ও প্রসেস(ফোরকল্ট প্রসেস) দীর্ঘ ৬৫ বছরের পুরাতন । এই পুরাতন প্রযুক্তি দ্বারা শীট গ্লাস উৎপাদন করতে খরচ যেমন বেশি তেমনি বাজার চাহিদার তুলনায় এর উৎপাদন ক্ষমতা অনেক কম। এছাড়া কারখানাটি পুরোনো প্রযুক্তি নির্ভর ও এর উৎপাদন ক্ষমতা হ্রাস পাওয়ার কারণে বাজারে ক্রমবর্ধমান চাহিদা যথাযথভাবে পূরণ করতে সক্ষম হচ্ছে না। বাজার চাহিদা বিবেচনায় নতুন একটি কারখানা স্থাপনের প্রয়োজনীয়তা রয়েছে। কিন্তু নতুন আধুনিক প্রযুক্তিসম্পন্ন শীটগ্লাস উৎপাদনের উপযোগী কারখানা স্থাপনের জন্য উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরীর জায়গা অপ্রতুল।

৭) বর্তমানে বিশ্বব্যাপী কন্টেইনার গ্লাস এর ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় কোম্পানি বোর্ড উসমানিয়ার কারখানা অভ্যন্তরে উন্নত প্রযুক্তি নির্ভর একটি Energy Efficient & Environmental Friendly Industrial Glass Plant অথবা Container Glass Plant স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত উদ্যোগের অংশ হিসেবে Pre-feasibility Study রিপোর্ট এর কার্যক্রম চলমান রয়েছে। প্রস্তাবিত Energy Efficient & Environmental Friendly Industrial Glass Plant অথবা Container Glass Plant কারখানা স্থাপন করা হলে এটি একটি লাভজনক সরকারী প্রতিষ্ঠান হিসেবে ইন্ডাস্ট্রিয়াল গ্লাস অথবা কন্টেইনার গ্লাস এর ক্রমবর্ধমান চাহিদা পূরণ করতে সক্ষম হবে মর্মে আশা করা যায়।
পরিশেষে, কোম্পানির ব্যবসায়িক কর্মকান্ডে সম্মানিত শেয়ারহোল্ডারদের আন্তরিক সহযোগিতা ও পরামর্শের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে স্বাগত বক্তব্য শেষ করেন।

অতঃপর চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করা হয়।

**আলোচ্যসূচি নং-১** **১৯-১২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৩৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

কোম্পানি সচিব ৩৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী শেয়ারহোল্ডারেদের উদ্দেশ্যে উপস্থাপন করেন। বিগত ১৯-১২-২০২৪খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৩৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর মতামত আহবান করা হলে উপস্থাপিত কার্যবিবরণীর ওপর অন্য কোন মন্তব্য না থাকায় সম্মানিত শেয়ারহোল্ডারগণের নিকট হতে ভোটিং এ প্রাপ্ত সংখ্যাগরিষ্ট ফলাফলের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় (ভোটিং ফলাফলের কপি সংযুক্ত):

সিদ্ধান্তঃ ১৯-১২-২০২৪খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ এর ৩৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

আলোচ্যসূচি নং-২ **৩০ জুন'২০২৫খ্রিঃ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাব ও প্রতিবেদন এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন বিবেচনা, গ্রহণ ও অনুমোদন।**

কোম্পানি সচিব ৩০শে জুন ২০২৫খ্রিঃ তারিখে সমাপ্ত বছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষা প্রতিবেদন বিবেচনা, গ্রহণ ও অনুমোদনের বিষয়টি সম্মানিত শেয়ারহোল্ডারগণের নিকট উপস্থাপন করেন। তিনি বলেন, ইতোমধ্যে আপনাদের নিকট ২০২৪-২০২৫ অর্থবছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন ও নিরীক্ষিত হিসাব প্রেরণ করা হয়েছে যা পঠিত বলে গণ্য করে ৩০শে জুন ২০২৫খ্রিঃ তারিখে সমাপ্ত বছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষা প্রতিবেদন বিবেচনা, গ্রহণ ও অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করছি। উল্লেখ্য, হাইব্রিড সভা শুরু হওয়ার ২৪(চব্বিশ) ঘন্টা পূর্বে সার্ভার খুলে দেয়ায় বার্ষিক প্রতিবেদন ও সভার আলোচ্যসূচির ওপর নিয়ে বর্ণিত শেয়ারহোল্ডারগণ তাদের মন্তব্য পেশ করেনঃ-

**১) মো. জালাল উদ্দিন, বিও নং-২০৪৪৩০০৩৯৭৮৫২৩৯**
Thanks for all every body and management thanks I am Md jalal uddin.

**২) আলহাজ্ব মোহাম্মদ আবদুল ওয়াহাব, বিও নং-১২০১৫৯০০০৮০১৪৩৬৭**
উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড এর হাইব্রিড সিস্টেমে আয়োজিত ৩৯তম বার্ষিক সাধারণ সভার সম্মানিত সভাপতি স্বশরীরে উপস্থিতি এবং লিংকে যুক্ত বিজ্ঞ পরিচালকমন্ডলী, কোম্পানি সচিব এবং সকল শেয়ারহোল্ডারহ অংশীজনের প্রতি সালাম ও শুভেচ্ছা। "..... বাণী নীরবে নিভৃতে কাঁদে" এর মত আমরা প্রতিবার শেয়ারহোল্ডাররা রাষ্ট্রীয় এ রুগ্ন শিল্পটিকে বাঁচানোর সরকারী আশু পদক্ষেপ নেবার অনুরোধ জানাই। কেননা এর সাথে জড়িত আছে অনেক দুরাবস্থায় জর্জরিত শ্রমিক-কর্মচারী. কর্মকর্তাদের রুটি-রুজির প্রশ্ন। আমাদের লভ্যাংশের কথাটি নাহয় বাদই দিলাম। কিন্তু রাষ্ট্রীয় সম্পদ তথা প্রতিষ্ঠান কি এভাবে বছরের পর বছর ধুকে ধুকে বিলীন হয়ে যাবে! যাহোক প্রতিষ্ঠানে অভিজ্ঞতা সম্পন্ন জনাব একেএম আনিসউজ্জামান সাহেব ২৮তম ব্যবস্থাপনা পরিচালক হিসেবে UGSFL এ যোগ দেবার পর উল্লেখযোগ্য কোন পরিবর্তন হলো কিনা তা জানাবেন। আর সরকার জাতীয় ঐতিহ্যবাহী রুগ্ন এ শিল্পটিকে বাচিয়ে এর সাথে জড়িতদের রুটি-রুজির ব্যবস্থা তরান্বিত করবেন বলে সকল শেয়ারহোল্ডারদের তরফ থেকে এ দাবী করছি। সবাই ভাল ও সুস্থ থাকুন। মোহাম্মদ আবদুল ওয়াহাব বিও # ১২০১৫৯০০০৮০১৪৩৬৭।

৩) Md. Enamul Hoque, BO-1202420000047095

Thanks for arranging AGM. More dividend next year.

**৪) জনাব আবদুল মতিন শহীদ, বিও নং-১২০৪৫৯০০১৬৫৩৫০৬৪**

লভ্যাংশ না পাওয়া সম্মানজনক নয়।

৫) মো. সোহরাব হোসেন(লিংকন), বিও # ১২০১৪৭০০০০০২১৭১১
লভ্যাংশ প্রদান না করা সম্মানিত বিনিয়োগকারীদের জন্য সম্মানজনক নয়। আশা করি স্বতন্ত্র পরিচালকগণ বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার জন্য ভাল ভূমিকা রাখবেন। বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার জন্য পুরো ম্যানেজম্যান্ট ব্যবসার প্রতি মনোযোগী হওয়ার প্রয়োজন। প্রত্যাশা করি আগামী বছর এই প্রতিষ্ঠান ভালো সংবাদ প্রদান করিবেন। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, ডলার সংকট ও অর্থনৈতিক মন্দার প্রভাবে ব্যবসায়িক পরিস্থিতি কেমন? একটু জানাবেন। এই কোম্পানির ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে একটু জানতে চাই। আপনারা সকলে ভালো থাকুন ও সুস্থ থাকুন। ধন্যবাদ।

৬) জনাব মো. সোহাগ, বিও নং-১২০২৬০০০০০০৯৩৩৫৮
শেয়ারহোল্ডারদের তরফ থেকে এ দাবী করছি। সবাই ভাল ও সুস্থ থাকুন। মোহাম্মদ আবদুল ওয়াহাব
Thanks for AGM.

**৭) জনাব মোহাম্মদ মনসুর এ খোদা, বিও নং-১২০৫৯৫০০০০২৪১৮৮১**

Thanks for digital Platform Hybrid system AGM. i hope Next coming year increase more cash dividend. Thank for all members.

**৮) জনাব নব কুমার বিশ্বাস, বিও নং-১২০৩৬৯০০৭৭২০১১২৭**

Thanks for every body & management. Naba Kumar Biswas.

**৯) জনাব দিলীপ কুমার সাহা, বিও নং-১২০৩০১০০১৬৫৪৫৬৬৬**

Dear honorable Chairman Expecting at least 5% stock dividend in future.

১০) জনাব শেফালী সাহা, বিও নং-১২০৩০১০০১৬৫৪৫৬৫৮

Dear honorable Chairman Expecting at least 5% stock dividend in future.

১১) জনাব শাহ আলম, বিও নং-১২০৩৬৯০০২১৫৪০২৫০
লভ্যাংশ কাম্য।

১২) জনাব মো. মহিউদ্দিন শামীম, বিও নং-১২০৫৬০০০০০৭৫১৩৪৭

Thanks for AGM. We want company will be running as soon as possible.
১৩) জনাব বিশ্বজিৎ ঘোষ, বিও নং-১২০২০৫০০০৪২৫৬১০৮

৩৯তম বার্ষিক সাধারণ সভায় সকলকে লাল গোলাপ শুভেচ্ছা ও অভিনন্দন। ধন্যবাদ যথাসময়ে সভা করার জন্য। তবে আগামীতে নভেম্বর মাসে ফাকা ডেটে সরাসরি সভা করবেন। জানাবেন কোম্পানির সার্বিক অবস্থা। আগামীতে ডিভিডেন্ড নিয়ে আসবেন এ প্রত্যাশা করে সবার মঙ্গল কামনা করে আমি বিশ্বজিৎ ঘোষ।

১৪) জনাব মোহাম্মদ আফতাবুর রহমান, বিও নং-১২০২০৬০০১২০৩৬১৭০ & ১২০২০৬০০০১৫৭৯৬৪১

I would like to thank our honourable Chairman, honourable Managing Director, honourable Company Secretary and honourable dear Shareholders. I hope in future business growth and shareholders right will be ensured. I expect better performance for the coming years. I hope you all happy and healthy life. Wishing you all the best.

১৫) জনাব মিসেস রাজিয়া মুক্তি, বিও নং-১২০১৫৩০০০০০৪২৭৫৩

I would like to thank our honourable Chairman, honourable Managing Director, honourable Company Secretaryand honorable dear Shareholders. I hope in future business growth and shareholders right will be ensured.Thank you all for AGM Link and Annual Report sending my email address. I expect better performance for the coming years. Wishing you all the best.

এছাড়া, ৩৯তম বার্ষিক সাধারণ সভায় আলোচনায় অংশগ্রহণের জন্য সরাসরি উপস্থিত শেয়ারহোল্ডারগণের পক্ষ হতে নিম্নোক্ত শেয়ারহোল্ডার তাঁর বক্তব্য পেশ করেন:

আলহাজ্ব মোহাম্মদ আবদুল ওয়াহাব, বিও নং-১২০১৫৯০০০৮০১৪৩৬৭

ক) কোম্পানির ৩৯তম বার্ষিক সাধারণ সভার সম্মানিত চেয়ারম্যান মহোদয়সহ পরিচালনা পর্ষদ ও শেয়ারহোল্ডারগণকে সালাম ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

খ) ফ্যাক্টরী সাইডে সুন্দর ও মনোরম পরিবেশে নিজস্ব এরিয়াতে AGM আয়োজন করায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

গ) তিনি কারখানা বন্ধের বিষয়টিকে শেয়ারহোল্ডারগণসহ সংশ্লিষ্ট সকলের জন্য দুর্ভাগ্যের কারণ হিসেবে অভিহিত করেন। এছাড়া কারখানা বন্ধ থাকায় এর সাথে সংশ্লিষ্ট কর্মচারী শ্রমিকগণ অন্যান্য Stakeholderদের দুরাবস্থার বিষয়ে হতাশা ব্যক্ত করেন। একই সাথে বর্তমান ব্যবস্থাপনা পরিচালক এর নেতৃত্বে কারখানাটি আবার পুনরোজ্জিবীত হওয়ার আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, চেয়ারম্যান মহোদয় নতুন Container Glass Plant এর Pre-feasibility Study এর বিষয়ে যে বক্তব্য দিয়েছেন তা এই কারখানাটিকে পুনরায় নতুন আঙ্গিকে ফিরিয়ে আনবে। তিনি আরো বলেন, যেহেতু বর্তমানে অন্তর্বর্তীকালীন সরকার একটি নির্বাচনের রোডম্যাপ দিয়েছেন, আশা করা যায় একটি ভালো নির্বাচিত সরকার এই কারখানাকে আবার নতুন আঙ্গিকে ফিরিয়ে আনবে। তিনি বর্তমান বোর্ডের সদস্যগণ কারখানাকে নতুন করে গড়ার বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন মর্মে অভিমত ব্যক্ত করেন। পরিশেষে চট্টগ্রামের ঐতিহ্যবাহী এই প্রতিষ্ঠানকে পুনরোদ্ধারে সকলের অবদান রাখার আশাবাদ ব্যক্ত করে তাঁর বক্তব্য শেষ করেন।

অতঃপর ২০২৪-২০২৫ অর্থবছরের নিরীক্ষিত হিসাব ও প্রতিবেদন এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদনের ওপর শেয়ারহোল্ডারগণের নিকট হতে ভোটিং এ প্রাপ্ত সংখ্যাগরিষ্ট ফলাফলের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় (ভোটিং ফলাফলের কপি সংযুক্ত):

**সিদ্ধান্তঃ ৩০ জুন'২০২৫খ্রিঃ তারিখে সমাপ্ত অর্থবছরে কোম্পানির নিরীক্ষিত হিসাব ও প্রতিবেদন এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।**

আলোচ্যসূচি নং-৩ **২০২৪-২০২৫ অর্থবছরের লভ্যাংশ সংক্রান্ত আলোচনা।**

২০২৪-২০২৫ অর্থবছরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী অত্র কোম্পানি নীট ক্ষতিতে থাকায় এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের গত ২০-০৬-২০১৮খ্রি. তারিখে প্রকাশিত গেজেট এর শর্ত নং-৬.২(বি) এবং **গেজেট প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৬/৫২/প্রশাসন/১৪০, তারিখ: ২৮/১২/২০২২খ্রি. এর বিধি-৩** মোতাবেক ডিভিডেন্ড প্রদানের বিষয়ে বিধি-নিষেধ রয়েছে। বিগত ২৮-১০-২০২৫খ্রি. তারিখে অনুষ্ঠিত ইউজিএসএফএল পরিচালনা পর্ষদের ৩৭৪তম সভায় ২০২৪-২০২৫ অর্থবছরে শুন্য ডিভিডেন্ড (Zero Dividend) ঘোষণার বিষয়ে সুপারিশ করা হয় যা ৩৯তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। ভোটিং এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী শেয়ারহোল্ডারদের সংখ্যাগরিষ্ট ভোট বিবেচনায় আলোচ্য ২০২৪-২০২৫ অর্থবছরে শুন্য ডিভিডেন্ড ঘোষণার বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় (ভোটিং ফলাফলের কপি সংযুক্ত):

সিদ্ধান্তঃ **২০২৪-২০২৫ অর্থবছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুযায়ী অত্র কোম্পানি নীট ক্ষতিতে থাকায় এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের গত ২০-০৬-২০১৮খ্রিঃ তারিখে প্রকাশিত গেজেট এর শর্ত নং-৬.২(বি) এবং গেজেট প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৬/৫২/প্রশাসন/১৪০, তারিখ: ২৮/১২/২০২২খ্রি. এর বিধি-৩ মোতাবেক ডিভিডেন্ড প্রদানের বিষয়ে বাধা থাকায় এবং ভোটিং এ প্রাপ্ত শেয়ারহোল্ডারদের সংখ্যাগরিষ্ট ভোট বিবেচনায় আলোচ্য অর্থবছরে শুন্য ডিভিডেন্ড তথা Zero Dividend এর বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।**

আলোচ্যসূচি নং- ৪ পরিচালকবৃন্দের নির্বাচন/মনোনয়ন।

কোম্পানি সচিব জনাব আবদুল মজিদ সভায় উপস্থাপন করেন যে, কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশন ও কোম্পানি আইন ১৯৯৪ এর ৯১(২) ধারা অনুযায়ী অদ্যকার সভায় ''এ'' গ্রুপ শেয়ারহোল্ডিংস হতে বিসিআইসি মনোনীত ০২ (দুই)জন পরিচালক জনাব মো. ফজলুর রহমান ও জনাব এ.কে.এম. আনিসউজ্জামান অদ্যকার ৩৯তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন। তাঁরা পুনঃমনোনয়নের যোগ্য। ইতোমধ্যে বিসিআইসি কর্তৃক জনাব মো. ফজলুর রহমান ও জনাব এ.কে.এম. আনিসউজ্জামান'কে পুন:মনোনয়ন দেয়া হয়েছে।

বিষয়টি অদ্যকার বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের নিকট উপস্থাপন করা হয়।

এ প্রেক্ষিতে শেয়ারহোল্ডারগণের ভোটিং এ প্রাপ্ত সংখ্যাগরিষ্ট ফলাফলের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় (ভোটিং ফলাফলের কপি সংযুক্ত):

সিদ্ধান্তঃ **কোম্পানির পরিচালক পদে 'এ' গ্রুপের বিসিআইসি মনোনীত ০২(দুই) জন পরিচালক জনাব মো. ফজলুর রহমান ও জনাব এ.কে.এম. আনিসউজ্জামান'কে ৩৯তম বার্ষিক সাধারণ সভায় পুনঃমনোনয়নের বিষয়টি অনুমোদিত হলো।**

আলোচ্যসূচি নং- ৫ স্বতন্ত্র পরিচালক নিয়োগ/নির্বাচন।

স্বতন্ত্র পরিচালক হিসেবে প্রফেসর ড. এ এস মো. আবদুল হাছিব এর মেয়াদ আগামী ২৩/১২/২০২৫খ্রি. তারিখে শেষ হবে। ইতোমধ্যে এনআরসি'র ১ম সভার সুপারিশক্রমে প্রফেসর ড. এ এস মো. আবদুল হাছিব এর স্থলে একজনকে ১০/১২/২০২৫খ্রি. তারিখে অনুষ্ঠিত ইউজিএসএফএল কোম্পানি বোর্ডের ৩৭৫তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ইউজিএসএফএল কোম্পানি বোর্ডে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।

স্বতন্ত্র পরিচালক নিয়োগের বিষয়টি বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি) এর অনুমোদন প্রাপ্তি সাপেক্ষ্যে শেয়ারহোল্ডারগণের অনুমোদনের নিমিত্ত পরবর্তী বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হবে।

সিদ্ধান্তঃ **স্বতন্ত্র পরিচালক হিসেবে প্রফেসর ড. এ এস মো. আবদুল হাছিব এর ২৩/১২/২০২৫খ্রি. তারিখে মেয়াদ পূর্তির পর তদস্থলে নতুন একজন স্বতন্ত্র পরিচালক নিয়োগের বিষয়টি বিএসইসি'র অনুমোদন প্রাপ্তি সাপেক্ষ্যে শেয়ারহোল্ডারগণের অনুমোদনের নিমিত্ত পরবর্তী বার্ষিক সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।**

আলোচ্যসূচি নং- ৬ **২০২৫-২০২৬ অর্থবছরের জন্য কোম্পানির নিরীক্ষক নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ।**

কোম্পানি সচিব জনাব আবদুল মজিদ জানান যে, গত ১৯-১২-২০২৪খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৩৮তম বার্ষিক সাধারণ সভায় নিয়োগপ্রাপ্ত নিরীক্ষক মেসার্স খাঁন ওয়াহাব শফিক রহমান এন্ড কোং, ফারুক চেম্বার (১০ম তলা), ১৪০৩, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম ২০২৪-২০২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষার কাজ সমাপ্ত করেছেন। নিয়মানুযায়ী উক্ত অডিট ফার্ম অবসর গ্রহণ করবেন। মেসার্স খাঁন ওয়াহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্ম ২০২৫-২০২৬ অর্থ বছরের হিসাব নিরীক্ষার কাজের জন্য পুন:মনোনয়নের যোগ্য।

ইতোমধ্যে ২০২৫-২০২৬ অর্থ বছরে নিরীক্ষক হিসেবে নিয়োগ লাভের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হলে ০১(এক)টি চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্ম M/S Khan Wahab Shafique Rahman & Co. Chartered Accountant, ফারুক চেম্বার (১০ম তলা), ১৪০৩, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম ভ্যাট-ট্যাক্সসহ ১,৭২,৫০০/-(এক লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত) টাকায় নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করার আগ্রহ প্রকাশ করেন। ইতোমধ্যে অন্য কোন চার্টার্ড একাউন্ট্যান্ট ফার্ম এর আবেদনপত্র কারখানায় হস্তগত না হওয়ায় কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ ও তাদের ফি ভ্যাট-ট্যাক্সসহ নির্ধারণের বিষয়টি অদ্যকার ৩৯তম বার্ষিক সাধারণ সভায় প্রস্তাব করা হয়।

শেয়ারহোল্ডারগণের ভোটিং এ প্রাপ্ত সংখ্যাগরিষ্ট ফলাফলের ভিত্তিতে কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য মেসার্স খাঁন ওয়াহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্ট, ফারুক চেম্বার (১০ম তলা), ১৪০৩, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম'কে ভ্যাট-ট্যাক্সসহ ১,৭২,৫০০/-(এক লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত) টাকা নিরীক্ষা ফি'তে "বহি:নিরীক্ষক" হিসেবে নিয়োগের বিষয়টি শেয়ারহোল্ডারগণের নিকট উপস্থাপন করা হয়। ভোটিং এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী শেয়ারহোল্ডারদের সংখ্যাগরিষ্ট ভোট বিবেচনায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় (ভোটিং ফলাফলের কপি সংযুক্ত):

সিদ্ধান্তঃ **মেসার্স মেসার্স খাঁন ওয়াহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্ট, ফারুক চেম্বার(১০ তলা), ১৪০৩, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম'কে ভ্যাট-ট্যাক্সসহ ১,৭২,৫০০/-(এক লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত) টাকা নিরীক্ষা ফি'তে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য কোম্পানির বহিঃনিরীক্ষক হিসেবে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।**

আলোচ্যসূচি নং- ৭ **২০২৫-২০২৬ অর্থবছরের Compliance of Corporate Governance Code পরিপালনের জন্য কোম্পানির নিরীক্ষক নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ।**

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কোম্পানি সচিব জনাব আবদুল মজিদ সভায় জানান যে, ০৩ জুন, ২০১৮খ্রিঃ তারিখে প্রকাশিত BSEC Notification এর ৯নং শর্ত অনুযায়ী Compliance on Corporate Governance Code পরিপালন নিশ্চিত করার জন্য আলাদা Practising Professional Accountant অথবা Chartered Secretary অথবা Other than its Statutory Auditors or Audit Firm on Yearly Basis কোম্পানির নিরীক্ষক নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ এর বিষয়টি বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ কর্তৃক অনুমোদনের নির্দেশনা রয়েছে।

২০২৫-২০২৬ অর্থবছরে এতদসংক্রান্ত কাজে নিরীক্ষক হিসেবে নিয়োগ লাভের জন্য চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্ম M/S. Rahman Mostafa Alam & Co. Chartered Accountant, আল মদিনা টাওয়ার(৭ম তলা), ৮৮/৮৯, আগ্রাবাদ, চট্টগ্রাম হতে Compliance on Corporate Governance Code নিরীক্ষা কাজের জন্য ভ্যাট-ট্যাক্সসহ ৩৪,৫০০.০০ (চৌত্রিশ হাজার পাঁচশত) টাকা ফি'তে ০১(এক)টি আবেদন পাওয়া যায়। এছাড়া, মেসার্স শফিক বসাক এন্ড কোং ভ্যাটসহ ৪১,৪০০/- টাকা ফি'তে বর্ণিত কাজ সম্পাদনের আগ্রহ প্রকাশ করেছেন।

কোম্পানি সচিব BSEC Notification এর শর্ত অনুযায়ী উপরোক্ত ০২(দুই)টি ফার্ম হতে সর্বনিম্ন দরদাতা বিবেচনায় কোম্পানির নিরীক্ষক হিসেবে চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্ম M/S. Rahman Mostafa Alam & Co. Chartered Accountant, আল মদিনা টাওয়ার(৭ম তলা), ৮৮/৮৯, আগ্রাবাদ, চট্টগ্রাম'কে ভ্যাট-ট্যাক্সসহ ৩৪,৫০০.০০ (চৌত্রিশ হাজার পাঁচশত) টাকা নিরীক্ষা ফি'তে "নিরীক্ষক" হিসেবে নিয়োগ এর বিষয় উপস্থাপন করেন। বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণকারী শেয়ারহোল্ডারগণের ভোটিং এ প্রাপ্ত সংখ্যাগরিষ্ট ফলাফল বিবেচনায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় (ভোটিং ফলাফলের কপি সংযুক্ত):

সিদ্ধান্তঃ M/S Rahman Mostafa Alam & Co. Chartered Accountants, আল মদিনা টাওয়ার(৭ম তলা), ৮৮/৮৯, আগ্রাবাদ, চট্টগ্রাম'কে ভ্যাট-ট্যাক্সসহ ৩৪,৫০০.০০ (চৌত্রিশ হাজার পাঁচশত) টাকা নিরীক্ষা ফি'তে ২০২৫-২০২৬ অর্থবছরের Compliance on Corporate Governance Code পরিপালনের লক্ষ্যে কোম্পানির নিরীক্ষক হিসেবে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

এ পর্যায়ে উপস্থিত পরিচালকগণের মধ্য হতে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নিম্নোক্ত বক্তব্য প্রদান করেনঃ-

জনাব এ.কে.এম. আনিসউজ্জামান, ব্যবস্থাপনা পরিচালক

৩৯তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত ও ভার্চুয়ালি সংযুক্ত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে তিনি বলেন, আপনারা ইতোমধ্যে চেয়ারম্যান মহোদয়ের স্বাগত বক্তব্যে কারখানার বর্তমান ও ভবিষ্যৎ সম্পর্কে মোটামুটি ধারণা পেয়েছেন। আমি এই কারখানায় যোগদানের পূর্ব হতে কারখানাটি বন্ধ ছিল।

আমি পরিচালনা পর্ষদকে এই বিষয়টি কয়েকটি প্রস্তাবনা সহকারে অবহিত করেছি। যার মধ্যে নতুন আঙ্গিকে কারখানাটি স্থাপিত হওয়ার আগ পর্যন্ত ৩০-৩৫ কোটি টাকা ব্যয়ে ২নং ফার্নেসটি Reconstruction করে চালুর বিষয়টি ছিল। বোর্ড বিষয়টি অবহিত হয়ে এ বিষয়ে একটি কমিটি গঠন করে এবং উক্ত কমিটি যাছাই-বাছাই করে দেখেন যে, কারখানা চালু করা হলে এর Variable Cost/কাঁচামালের খরচ উঠে আসে না অর্থাৎ Contribution Margin Negative হয়। এ কারণে এটিকে কোনভাবেই লাভজনক করা সম্ভব নয় মর্মে তাদের অভিমত ব্যক্ত করে তদস্থলে একটি আধুনিক পরিবেশবান্ধব উন্নত প্রযুক্তির Float Glass Plant স্থাপনের পরামর্শ পদান করে। কিন্তু Float Glass Plant এর জন্য উসমানিয়ার জায়গা অপ্রতুল হওয়ায় কমিটি Container/Specialty Glass Plant স্থাপনের পরামর্শ প্রদান করেন।

এ প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয় ও বিসিআইসি'র অন্যান্য পরিচালকগণ কারখানা পরিদর্শন করেন এবং বিসিআইসি Planning বিভাগের মাধ্যমে একটি আধুনিক পরিবেশবান্ধব উন্নত প্রযুক্তির Container/Specialty Glass Plant স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। সে লক্ষ্যেই আমরা কাজ করে যাচ্ছি এবং আশা করছি আমরা সফলকাম হবো।

আপনাদের সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, কারখানার বিদ্যমান আর্থিক ক্ষতি হ্রাসের লক্ষ্যে বিভিন্ন দপ্তরের প্রয়োজনীয় শ্রমিক কর্মচারী রেখে অবশিষ্ট সকল শ্রমিক কর্মচারীকে ইতোমধ্যে বিসিআইসি'র বিভিন্ন লাভজনক কারখানায় বদলী করা হয়েছে। কারখানা যখন আবার নতুন আঙ্গিকে যাত্রা শুরু করবে তখন এসকল শ্রমিক কর্মচারীদের আবার প্রয়োজনে ফিরিয়ে আনা হবে।

তিনি অদ্যকার বার্ষিক সভার আয়োজনে কোন ভুলত্রুটি হয়ে থাকলে তার জন্য দু:খ প্রকাশ করেন এবং কারখানার নতুন আঙ্গিকে যেন যাত্রা শুরু করতে পারে সেজন্য সকলের নিকট দোয়া কামনা করেন। পরিশেষে, সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

৮) অত:পর কোম্পানি সচিব চেয়ারম্যান মহোদয়কে সমাপনী বক্তব্য প্রদানের অনুরোধ করলে চেয়ারম্যান মহোদয় নিম্নোক্ত বক্তব্য প্রদানের মাধ্যমে সভার পরিসমাপ্তি ঘোষণা করেনঃ-

শুরুতে উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড বোর্ডের সম্মানিত পরিচালকবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক, সকল কর্মচারী-কর্মকর্তাবৃন্দ, বিসিআইসির প্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া, সুধীবৃন্দ ও শেয়ারহোল্ডারবৃন্দ যারা আজকের এই সভায় সরাসরি ও ভার্চুয়ালী অংশগ্রহণ করেছেন তাদের সকলকেই ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভাপতি মহোদয় ৩৯তম বার্ষিক সাধারণ সভা সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজন করায় উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি কোম্পানির উৎপাদন, বিপণনসহ সার্বিক উন্নয়নমূলক কর্মকান্ডের ব্যাপারে সক্রিয় অংশগ্রহণ এবং সহযোগিতার জন্য উপস্থিত সকল সম্মানিত শেয়ারহোল্ডার, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর প্রতিনিধিসহ সকলের প্রতি পরিচালকমন্ডলীর পক্ষ হতে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, ভবিষ্যতের সার্বিক অগ্রগতি ও সম্ভাবনা বিবেচনায় রেখে, ইউজিএসএফএল কোম্পানি বোর্ডের সম্মানিত সদস্যগণকে বিশ্বব্যাপী অশান্ত অর্থনৈতিক মন্দার মধ্যেও তাদের উদ্যমী সমর্থন ও বুদ্ধিমত্তা দিয়ে কোম্পানিকে কৌশলগত দিক-নির্দেশনা প্রদানে অতীতের মত ভবিষ্যতেও কোম্পানির সার্বিক ব্যবস্থাপনায় সকলের পরামর্শ, দিক নির্দেশনা ও সহযোগিতা অব্যাহত থাকবে।

৮

তিনি বলেন, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও ইউজিএসএফএল টিমের অত্র কোম্পানির প্রতি নিরলস প্রচেষ্টা ও প্রতিশ্রুতি এবং অবশেষে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কোম্পানির কৌশলগত আকাঙ্খা পূরণে উল্লেখযোগ্য অবদান রেখেছে। সমস্ত স্টেকহোল্ডারদের সাথে বিরাজমান অশান্ত অর্থনৈতিক অবস্থা হতে উত্তরণের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভুমিকা রাখার প্রচেষ্টা অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন। ইউজিএসএফএল এর প্রতি অবিরাম আস্থা রাখায় এর সকল অনুগত গ্রাহকদের প্রতি হৃদয়ের অন্তস্থল হতে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এছাড়া সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি), ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি, রেজিষ্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস(আরজেএসসি), সিডিবিএল, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), কোম্পানির কার্যক্রমের সাথে জড়িত বিভিন্ন ব্যাংকসমূহ ও অন্যান্য নিয়ন্ত্রক কর্তৃপক্ষ যারা কোম্পানির পরিচালনার ক্ষেত্রে অংশীদার তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং সেই সাথে ইউজিএসএফএল পরিবারকে যারা এই কঠিন সময়ে আন্তরিক সহযোগিতা ও অবদান রেখেছেন তাদের প্রতিও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন । সকলের প্রচেষ্টা ও সহযোগিতায় সুশৃঙ্খল, অনুগত ও ফলাফল-ভিত্তিক হওয়ার বিষয়ে তিনি তাঁর প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

পরিশেষে, ভবিষ্যতে নতুন কলেবরে কারখানাটিকে এগিয়ে নেয়ার প্রত্যয় ব্যক্ত করে এবং এ কারখানার প্রতি সকলের সমর্থন অব্যাহত থাকবে এ আশাবাদ ব্যক্ত করে পরম করুনাময় আল্লাহ তায়ালার কাছে বিনীতভাবে কোম্পানির উত্তরোত্তর উন্নতি ও সমৃদ্ধি কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.১২.২৫

(মোঃ মনিরুজ্জামান)
পরিচালক (বাণিজ্যিক), বিসিআইসি
ও
পরিচালক, ইউজিএসএফএল কোম্পানি বোর্ড।
ও
সভাপতি(ভারপ্রাপ্ত), ইউজিএসএফএল কোম্পানি বোর্ড।